বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন ইউনিট-২, সদর দপ্তর
www.caab.gov.bd

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৬.০০০২.১৭.৪০৪

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।**

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আবু সাঈদ, পরিচালক (এয়ারওয়ার্দিনেস এন্ড ইঞ্জিনিয়ারিং), ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস বিভাগে কর্মরত থাকা অবস্থায় মালয়েশিয়ায় বৈদেশিক চাকরিতে যোগদানের উদ্দেশ্যে লিয়েন মঞ্জুরের জন্য আবেদন করেন এবং এ সংক্রান্ত প্রস্তাব গত ২৭ জুলাই ২০২৫ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে, প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক ০২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে জারিকৃত ২৪০নং স্মারকের মাধ্যমে অতিরিক্ত তথ্যাদি চাওয়া হয়। তবে উক্ত তথ্যাদি প্রেরণের পূর্বেই ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস বিভাগের ২০ আগস্ট ২০২৫ তারিখের ১০৬২নং স্মারকের মাধ্যমে জানা যায় যে, আপনি গত ০৪ আগস্ট ২০২৫ হতে ১৩ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি ভোগ শেষে পূর্বানুমতি বা যোগাযোগ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

২.০ যেহেতু, সংশ্লিষ্ট বিভাগ হতে আপনার সাথে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও আপনার অবস্থান নিশ্চিত করা সম্ভব হয়নি এবং আপনার উক্ত অনুপস্থিতি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ২(৮) অনুযায়ী "পলায়ন"-এর সংজ্ঞাভুক্ত হওয়ায় ২০ নভেম্বর ২০২৫ তারিখে আপনার নিকট ব্যাখ্যা তলব করা হয় এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়; কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব পাওয়া যায়নি;

৩.০ যেহেতু, ব্যাখ্যা তলবের জবাব দাখিল না করা এবং অনুমোদিত ছুটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ১৪ আগস্ট ২০২৫ তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধিক সময় কর্তব্যস্থলে অনুপস্থিত থাকা আপনার গুরুতর দায়িত্বহীনতার পরিচায়ক; ফলে আপনার উক্ত কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হিসেবে প্রতীয়মান হওয়ায় আপনার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.০০০.২০১. ৫৬.০০০২.১৭.১০৩৮; তারিখ: ১৭ ডিসেম্বর ২০২৫ মূলে বিভাগীয় মামলা নং-১১/২০২৫ রুজু করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়। উক্ত অভিযোগনামা যথাযথ প্রক্রিয়ায় জারিকরণপূর্বক আপনার কর্মস্থল, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ব্যক্তিগত ও দাপ্তরিক ই-মেইল এবং হোয়াটসঅ্যাপ নম্বরে প্রেরণ করা হয় এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটেও প্রকাশ করা হয়; এবং

৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোনো জবাব প্রাপ্ত না হওয়ায় বিভাগীয় কার্যক্রম অব্যাহত রেখে অভিযোগ তদন্তের লক্ষ্যে সদস্য (এটিএম)-এর সভাপতিত্বে ৩ (তিন) সদস্যবিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ড অভিযোগসমূহ তদন্তপূর্বক ১৯ এপ্রিল ২০২৬ তারিখে প্রতিবেদন দাখিল করে, যেখানে আপনার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়েছে;

৫.০ সেহেতু, উক্ত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী আপনার বিরুদ্ধে 'চাকরি হতে বরখাস্তকরণ' দণ্ড আরোপের

প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে (তদন্ত প্রতিবেদনের অনুলিপি সংযুক্ত); এবং

৬.০ সেহেতু, উপর্যুক্ত প্রেক্ষাপটে কেন আপনার বিরুদ্ধে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড অথবা অন্য কোনো উপযুক্ত দন্ড আরোপ করা হবে না, সে বিষয়ে উক্ত প্রবিধানমালার প্রবিধি ৫৩(৬) অনুযায়ী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব প্রাপ্ত না হলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি: বর্ণনামতে তদন্ত প্রতিবেদন ৭ (সাত) পাতা।

**সংযুক্তিঃ**
(১) তদন্ত প্রতিবেদন (৭ পাতা)।

০৩-০৫-২০২৬
এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
চেয়ারম্যান
ফোন : ০২৪১০৯১০০০
ফ্যাক্স : +৮৮০২৪১০৯১১১১
ইমেইল : chairman@caab.gov.bd

জনাব মোহাম্মদ আবু সাঈদ, পরিচালক (এয়ার ওয়ার্দিনেস এন্ড ইঞ্জিনিয়ারিং)
এয়ার ওয়ার্দিনেস অধিশাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (মোবাইল: ০১৭১৫০৪১৫৫৬, ০১৭৩৩৪৩৫৮৮৫ ০১৭৪৫৪৫২০৪৬ ০১৮৯৪৯০১৭০০; ই-মেইল: syd_aeld@yahoo.com, daw@caab.gov.bd), বর্তমান আবাসিক ঠিকানা: বাড়ি-১৯, রোড-৯, সেক্টর-4, উত্তরা, ঢাকা-১২৩০। স্থায়ী ঠিকানা: গ্রাম-বেলটিয়া মাস্টারবাড়ী, ডাকঘর-পোটল, থানা-কালিহাতি, জেলা-টাঙ্গাইল।

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৬.০০০২.১৭.৪০৪/১ (৬)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সদস্য (প্রশাসন), সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২। সদস্য(ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস), সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (দাপ্তরিক ই-মেইল হতে পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, হোয়াটসঅ্যাপ নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক সদর দপ্তর প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।
৩। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪। পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), পরিচালক (মানব সম্পদ) এর দপ্তর, মানব সম্পদ বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৫। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সংযুক্তি ব্যতীত মূল পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

০৩-০৫-২০২৬
এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
চেয়ারম্যান